গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

হজ প্যাকেজ ১৪৩৮ হিজরি (২০১৭খ্রি.)

১৪৩৮ হিজরি সনের ০৯ জিলহজ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে ২০১৭ খ্রিস্টাব্দের ০১ সেপ্টেম্বর) সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ এজেন্সীর মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় হজে গমনেচ্ছুগণ সৌদি আরব গমন করতে পারবেন। বাংলাদেশ হতে সরকারি ব্যবস্থাপনায় সম্ভাব্য ১০,০০০ (দশ হাজার) জন ও বেসরকারি ব্যবস্থাপনায় সম্ভাব্য ১,১৭,১৯৮ (এক লক্ষ সতের হাজার একশত আটানব্বই) জনসহ সর্বমোট ১,২৭,১৯৮ (এক লক্ষ সাতাশ হাজার একশত আটানব্বই) জন হজযাত্রী পবিত্র হজব্রত পালনের জন্য সৌদি আরব গমন করতে পারবেন।

২। **সরকারি ব্যবস্থাপনা:**

২.১ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-১** এ মোট খরচ **৩,৮১,৫০৮.০০ (তিন লক্ষ একাশি হাজার পাঁচশত আট)** টাকা মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে:

ক্র: নং	ব্যয়ের খাতসমূহ	টাকা
১.	**বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight) :**	
	(ক) বিমান ভাড়া (নীট) ১৪৭৫ মার্কিন ডলার (১৪৭৫ x ৮০.৫০)	১,১৮,৭৩৭.৫০
	(খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স ৫০ সৌদি রিয়াল (৫০ x ২১.৫০)	১০৭৫.০০
	(গ) হজ টার্মিনাল সার্ভিস চার্জ ৩০ সৌ:রি: (৩০ x ২১.৫০)	৬৪৫.০০
	(ঘ) এম্বারকেশন ফি	৫০০.০০
	(ঙ) এম্বারকেশন ফি'র উপর ১৫% ভ্যাট	৭৫.০০
	(চ) এক্সাইজ ডিউটি	১০০০.০০
	(ছ) সৌদি সরকারের সিকিউরিটি চার্জ ৪ মা: ড: (৪ x ৮০.৫০)	৩২২.০০
	(জ) ট্রাভেল এজেন্ট কমিশন ২৫ মা:ড: (২৫ x ৮০.৫০)	২০১২.৫০
	(ঝ) বিমান ভাড়া ১৪৭৫ মা: ড: এর উপর উৎসে কর (১৪৭৫ x ০.৩০%) বাবদ (৪.৪২৫ x ৮০.৫০)	৩৫৬.২১
	মোট =	**১,২৪,৭২৩.২১**
২	**মক্কা ও মদিনায় বাড়ি ভাড়া:** মক্কা ও মদিনায় হজযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ (৬৩০০+৬০০+৬৯)= ৬৯৬৯ সৌ:রি: (৬৯৬৯ x ২১.৫০)। **বাড়ি ভেদে বাড়ি ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) সৌদি আরবে হজযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।**	১,৪৯,৮৩৩.৫০
৩.	**সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি {সৌদি কর্তৃপক্ষ প্রদত্ত বিভিন্ন সেবা এবং জেদ্দা, মক্কা, মদিনা ও আল-মাশায়ের(মক্কা-মিনা-আরাফা-মিনা-মক্কা) যাতায়াতের বাস সেবা ইত্যাদি} : ১০৮৯ সৌ:রি:** (১০৮৯ x ২১.৫০)।	২৩,৪১৩.৫০
৪.	**সিটি-চেক-ইন চার্জ:** ৯০ সৌ:রি: (লাগেজ পরিবহন চার্জ)।	১,৯৩৫.০০
৫.	**জমজম পানি: ১৫ সৌ:রি: (১৫** x ২১.৫০)।	৩২২.৫০
৬.	**অতিরিক্ত সার্ভিস চার্জ: ১৩০০ সৌ:রি: (হজযাত্রীদের মক্কা, মিনা ও আরাফায় খাবার/নাস্তা সরবরাহ, মিনার তাবুতে ম্যাট্রেস, বিছানা চাদর, বালিশ, কম্বল ইত্যাদি, আরাফার তাবুতে ওয়াটার কুলার স্থাপন, হজযাত্রীদের মক্কা হতে দেশে প্রত্যাবর্তনের সময় নাস্তা সরবরাহ)।**	২৭,৯৫০.০০
৭.	**ট্রেন ভাড়া** (মিনা-আরাফা ও আরাফা-মুজদালিফা-জামারা): ২৫০ সৌ:রি: **(২৫০** x ২১.৫০)।	৫,৩৭৫.০০
৮.	**ব্যাংক গ্যারান্টি সৌদি হজ মন্ত্রণালয়ের অনুকূলে ৫০ সৌ:রি: (৫০** x ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)।	১০৭৫.০০
৯.	**ব্যাংক গ্যারান্টি সৌদি জেনারেল কার সিন্ডিকেট এর অনুকূলে ১৮ সৌ:রি: (১৮** x ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)।	৩৮৭.০০
১০.	**স্থানীয় সার্ভিস চার্জ:** আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজক্যাম্পে	৮০০.০০

	আবাসন ও প্রচারণাসহ হজযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি।	
১১.	**হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) :**	২০০.০০
১২.	**প্রশিক্ষণ ফি:**	৩০০.০০
১৩	**খাওয়া খরচ:** রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০ সৌ:রি: হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০ x ৪০) = ১৬০০ সৌ:রি: (১৬০০ x ২১.৫০)	৩৪,৪০০.০০
১৪.	৫৬ সে:মি: x ২৫ সে: মি: x ৪৫ সে: মি: আয়তনের ও একই রংয়ের ট্রলিব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয়	২,৫০০.০০
১৫.	হজগাইড বাবদ ব্যয়: প্রতি ৪৫ জন হজযাত্রীর জন্য ১ জন হজগাইড হিসেবে	৮,২৯৩.২৯
	মোট	**২,৫৬,৭৮৪.৭৯**
	সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১+১২+১৩+১৪+১৫) =	**৩,৮১,৫০৮.০০**

নোট: **(১) প্রতি মা: ড: ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌ: রি: ২১.৫০ (একুশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে ধরা হয়েছে;**

(২) বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমসাময়িক বাজার দর অনুযায়ী হবে;

(৩) সরকার গড়ে ৪৫ জন হজযাত্রীর জন্য একজন গাইড প্রদান করবে। গাইড একজন হজযাত্রীর পক্ষে বাংলাদেশ ও সৌদি আরবে প্রশাসনিক কার্যাদি সমন্বয় এবং হজযাত্রীদের হজের আহ্কাম ও আরকান পালনে সহায়তা করবেন। এছাড়া তিনি হজযাত্রীদের ধর্মীয় বিষয়ে পরামর্শ প্রদান করবেন। গাইডগণ হজযাত্রীদের ব্যক্তিগত সহকারী বা হজকর্মী নয় এবং কোন গাইড কোন হজযাত্রীর ব্যক্তিগত কাজে সংশ্লিষ্ট হবেন না।

তাছাড়াও প্রত্যেক হজযাত্রীকে কুরবানী খরচ বাবদ আনুমানিক ৫০০ (পাঁচশত) সৌ:রি: সমপরিমাণ ১০,৭৫০.০০ (দশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সঙ্গে নিতে হবে।

২.২ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-২** এ মোট খরচ **৩,১৯,৩৫৫.০০ (তিন লক্ষ উনিশ হাজার তিনশত পঞ্চান্ন) টাকা** মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে:

ক্র: নং	ব্যয়ের খাতসমূহ	টাকা
১.	**বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের** Dedicated Hajj Flight):	
	(ক) বিমান ভাড়া (নীট) ১৪৭৫ মার্কিন ডলার (১৪৭৫ x ৮০.৫০)	১,১৮,৭৩৭.৫০
	(খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স ৫০ সৌদি রিয়াল (৫০ x ২১.৫০)	১০৭৫.০০
	(গ) হজ টার্মিনাল সার্ভিস চার্জ ৩০ সৌ:রি: (৩০ x ২১.৫০)	৬৪৫.০০
	(ঘ) এম্বারকেশন ফি	৫০০.০০
	(ঙ) এম্বারকেশন ফি-এর উপর ১৫% ভ্যাট	৭৫.০০
	(চ) এক্সাইজ ডিউটি	১০০০.০০
	(ছ) সৌদি সরকারের সিকিউরিটি চার্জ ৪ মা: ড: (৪ x ৮০.৫০)	৩২২.০০
	(জ) ট্রাভেল এজেন্ট কমিশন ২৫ মা: ড: (২৫ x ৮০.৫০)	২০১২.৫০
	(ঝ) বিমান ভাড়া ১৪৭৫ মা: ড: এর উপর উৎসে কর (১৪৭৫ x ০.৩০%) বাবদ (৪.৪২৫ x ৮০.৫০)	৩৫৬.২১
	মোট =	**১,২৪,৭২৩.২১**
২	**মক্কা ও মদিনায় বাড়ি ভাড়া:** মক্কা ও মদিনায় হজযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ (৩৫০০+৬০০+৪১)= ৪১৪১ সৌ:রি: (৪১৪১ x ২১.৫০)। **বাড়ি ভেদে বাড়ি ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) সৌদি আরবে হজযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।**	৮৯,০৩১.৫০
৩.	**সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি {সৌদি কর্তৃপক্ষ প্রদত্ত বিভিন্ন সেবা এবং জেদ্দা, মক্কা, মদিনা ও আল-মাশায়ের(মক্কা-মিনা-আরাফা-মিনা-মক্কা) যাতায়াতের বাস সেবা ইত্যাদি}: ১০৮৯ সৌ:রি:** (১০৮৯ x ২১.৫০)।	২৩,৪১৩.৫০
৪.	**সিটি-চেক-ইন চার্জ:** ৯০ সৌ:রি: (লাগেজ পরিবহন চার্জ)।	১,৯৩৫.০০
৫.	**জমজম পানি: ১৫ সৌ:রি: (১৫** x ২১.৫০)।	৩২২.৫০
৬.	**অতিরিক্ত সার্ভিস চার্জ: ১৩০০ সৌ:রি: (হজযাত্রীদের মক্কা,মিনা ও আরাফায় খাবার/নাস্তা সরবরাহ, মিনার তাবুতে ম্যাট্রেস, বিছানা চাদর, বালিশ, কম্বল ইত্যাদি, আরাফার তাবুতে ওয়াটার কুলার স্থাপন, হজযাত্রীদের মক্কা হতে দেশে প্রত্যাবর্তনের সময় নাস্তা সরবরাহ)।**	২৭,৯৫০.০০
৭.	**ট্রেন ভাড়া (**মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা): ২৫০ সৌ:রি: **(২৫০** x ২১.৫০)।	৫,৩৭৫.০০

৮.	ব্যাংক গ্যারান্টি সৌদি হজ মন্ত্রণালয়ের অনুকূলে ৫০ সৌ:রি: (৫০ x ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)।	১০৭৫.০০
৯.	ব্যাংক গ্যারান্টি সৌদি জেনারেল কার সিন্ডিকেট এর অনুকূলে ১৮ সৌ:রি: (১৮ x ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)।	৩৮৭.০০
১০.	**স্থানীয় সার্ভিস চার্জ:** আইডি কার্ড, কন্জিবেল্ট, কিটব্যাগ, হজ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি।	৮০০.০০
১১.	**হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) :**	২০০.০০
১২.	**প্রশিক্ষণ ফি:**	৩০০.০০
১৩	**খাওয়া খরচ:** রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০ সৌ:রি:হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০ x ৪০) = ১৬০০ সৌ:রি: (১৬০০ x ২১.৫০)।	৩৪,৪০০.০০
১৪.	৫৬ সেঃমিঃ x ২৫সেঃ মিঃ x ৪৫ সেঃ মিঃ আয়তনের ও একই রং-এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয়।	২,৫০০.০০
১৫.	হজগাইড বাবদ ব্যয়ঃ প্রতি ৪৫ জন হজযাত্রীর জন্য ১ জন হজগাইড হিসেবে।	৬,৯৪২.২৯
	মোট	**১,৯৪,৬৩১.৭৯**
	সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১+১২+১৩+১৪+১৫) =	**৩,১৯,৩৫৫.০০**

নোট: (১) **প্রতি মা: ড: ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌ: রি: ২১.৫০ (একুশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে ধরা হয়েছে;**

(২) **বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমসাময়িক বাজার দর অনুযায়ী হবে;**

(৩) **সরকার গড়ে ৪৫ জন হজযাত্রীর জন্য একজন গাইড প্রদান করবে। গাইড একজন হজযাত্রীর পক্ষে বাংলাদেশ ও সৌদি আরবে প্রশাসনিক কার্যাদি সমন্বয় এবং হজযাত্রীদের হজের আহ্কাম ও আরকান পালনে সহায়তা করবেন। এছাড়া তিনি হজযাত্রীদের ধর্মীয় বিষয়ে পরামর্শ প্রদান করবেন। গাইডগণ হজযাত্রীদের ব্যক্তিগত সহকারী বা হজকর্মী নয় এবং কোন গাইড কোন হজযাত্রীর ব্যক্তিগত কাজে সংশ্লিষ্ট হবেন না।**

তাছাড়াও প্রত্যেক হজযাত্রীকে কুরবানী খরচ বাবদ আনুমানিক ৫০০ (পাঁচশত) সৌ: রি: সমপরিমাণ ১০,৭৫০.০০ (দশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সঙ্গে নিতে হবে।

২.৩ **প্রতিজন হজযাত্রীর প্রাপ্য সুবিধাসমূহ:** (ক) সৌদি আরব গমনের ভিসা; (খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সযোগে নির্ধারিত সময়ে ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথে সরাসরি সৌদি আরবে যাওয়া-আসার সুযোগ; (গ) **প্যাকেজ নং-১** এর হজযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে **সর্বোচ্চ ১২০০ মিটার** ও মদিনায় মসজিদে নব্বী থেকে **সর্বোচ্চ ৫০০ মিটারের** মধ্যে তাসনিফ/তাসরিয়াযুক্ত বাড়িতে অবস্থান করবেন এবং (ঘ) **প্যাকেজ নং-২** এর হজযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে ২ (দুই) কি: মি: এর মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ি/হোটেলে অবস্থান করবেন। যদি বর্ণিত দরে কাছাকাছি বাড়ি/হোটেল ভাড়া করা সম্ভব না হয় তাহলে ২ (দুই) কি: মি: এর অধিক দূরত্বের আজিজিয়া এলাকায় অবস্থিত উন্নতমানের বাড়ি/হোটেলে অবস্থান করবেন এবং তাঁরা সৌদি সরকারের বিধান অনুযায়ী বাসযোগে প্রতিদিন হারাম শরীফে যাতায়াত করবেন ও মদিনায় মসজিদে নব্বী থেকে **সর্বোচ্চ ৮০০ মিটারের** মধ্যে তাসনিফ/তাসরিয়াযুক্ত বাড়ি/হোটেলে অবস্থান করবেন। ফ্লাইটের সিডিউলের কারণে সৌদি আরবে অবস্থানকাল ৩০ হতে ৪৫ দিন পর্যন্ত হতে পারে। মদিনার আবাসন সৌদি বাড়ি ভাড়ার সিস্টেম অনুযায়ী ৮ দিন হবে, তবে চাঁদের তারতম্যের কারণে সময় কিছুটা কম/বেশি হতে পারে। (ঙ) সৌদি সরকার কর্তৃক প্রদত্ত তাসনিফ/তাসরিয়ায় উল্লিখিত বাড়ি প্রতি সীট সংখ্যা অনুযায়ী নির্ধারিত জায়গায় ১টি খাট, ১টি বিছানা, ১টি বালিশ ও ১টি কম্বল, (চ) কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত হবে (কোন কোন কক্ষে অতিরিক্ত ফ্যান থাকতে পারে), (ছ) ৫-৬ জনের জন্য ১টি সংযুক্ত/কমন গোসলখানা/টয়লেট, (জ) প্রতি বাড়িতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা, (ঝ) বাড়ির প্রতি কক্ষে/ফ্লোরে এক বা একাধিক ফ্রিজ ও টিভি (ঞ) প্রতি হাজীর জন্য মীনায় তাঁবুতে সৌদি সরকার কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট পরিমাণ জায়গা, (ট) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফা-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা, (ঠ) মক্কা ও মদিনায় সাধারণ চিকিৎসা সুবিধা, (ড) আশকোনাস্থ হজ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইট পূর্ব/পরবর্তী থাকার ব্যবস্থা, ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজের আহকাম-আরকান সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, বইপুস্তক সরবরাহ এবং কাস্টমস/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো, (ঢ) **প্রতি ৪৫ জন** হজযাত্রীর জন্য ১ জন দক্ষ গাইড নিয়োগ ও **(ণ) কুরবানী খরচ বাবদ প্রত্যেক হজযাত্রীকে আনুমানিক সৌ:রি: ৫০০ (পাঁচশত) সমপরিমাণ টাকা ১০,৭৫০.০০ (দশ হাজার সাতশত পঞ্চাশ) (কম/বেশী) পৃথকভাবে নিজ দায়িত্বে সঙ্গে নিয়ে যেতে হবে। কুরবানী সৌদি আরবস্থ ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংকের কুপন ক্রয়ের মাধ্যমে প্রদান করতে হবে।** হজ অফিস, হজ এজেন্সী ও ট্রাভেল এজেন্সীর হজযাত্রীদের জন্য নির্দিষ্ট কুরবানীর প্রজেক্টের কুপন বিক্রির বিষয়ে ইসলামিক উন্নয়ন ব্যাংকের (IDB) সাথে রাজকীয় সৌদি সরকারের মাধ্যমে চুক্তি স্বাক্ষর করা হলে সকল হজযাত্রীকে এ প্রজেক্টের অধীনে কুপন ক্রয়ের মাধ্যমে কুরবানীর আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে। ইসলামী উন্নয়ন ব্যাংকের সাথে সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করে উভয়ের সম্মতিতে নির্দিষ্ট পরিমাণ কুপন ক্রয়ের চুক্তি স্বাক্ষরিত হবে।

২.৪ **জাতীয় হজ ও ওমরাহ নীতি অনুযায়ী প্রাক্-নিবন্ধন ক্রমিক নম্বরপ্রাপ্ত হজযাত্রীগণের মধ্যে যারা সরকারি ব্যবস্থাপনায় গমন করবেন তাঁরা উভয় প্যাকেজের ক্ষেত্রে প্রাক্-নিবন্ধনের জন্য প্রদত্ত জামানত ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা (সমন্বয়যোগ্য) ও প্রাক্-নিবন্ধন ফি ২,০০০ (দুই হাজার) টাকা (সমন্বয়যোগ্য নয়) অর্থাৎ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রাক্-নিবন্ধনের সময় সরকার কর্তৃক নির্ধারিত ব্যাংকে জমা প্রদান করতে হবে। প্যাকেজের অবশিষ্ট অর্থ আগামী ৩০/০৩/২০১৭ তারিখের মধ্যে সরকার নির্ধারিত ব্যাংকে জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। এক্ষেত্রে ব্যাংকসমূহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধন সিস্টেমে উক্ত অর্থ প্রাপ্তি তাৎক্ষনিকভাবে নিশ্চিত করবে। পরবর্তীতে অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে আই.টি কর্তৃক হজযাত্রীকে হজ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমে (HMIS) তাঁর প্রিলগ্রিম আইডি (PID) প্রদানপূর্বক হজ নিবন্ধন কার্যক্রম সম্পাদিত হবে। যে সকল প্রাক নিবন্ধিত হজযাত্রী অবশিষ্ট অর্থ জমা প্রদান করে বিষয়টি ব্যাংক নিবন্ধন সিস্টেমে নিশ্চিত করবেন না, তারা হজে গমনে অনিচ্ছুক বলে গণ্য হবেন। তবে এক্ষেত্রে তাদের জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রসেসিং ফি বাবদ কর্তন করে অবশিষ্ট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফেরত নিতে পারবেন।**

২.৫ **নিবন্ধন ও বাতিল প্রক্রিয়া** : সরকারি ব্যবস্থাপনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.)-তে হজের জন্য মনোনীত গমনেচ্ছু হজযাত্রীগণ তাঁদের পছন্দমত হজ প্যাকেজ নির্ধারণ করে প্যাকেজের অবশিষ্ট টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নির্ধারিত সময়ের মধ্যে জমা দিবেন। এক্ষেত্রে হজযাত্রীদের অবশ্যই মনে রাখতে হবে তাঁদের নিবন্ধন ভাউচারে উল্লিখিত সকল হজযাত্রীকে একইসঙ্গে সফর করতে হবে এবং তার ব্যতিক্রম করা সম্ভব হবে না। এজন্য তাঁরা অবশ্যই "মাহরামসহ একইসঙ্গে হজে যাওয়ার জন্য নিবন্ধন ফরম"টি যথাযথভাবে পূরণ করে তাঁদের নিবন্ধন ভাউচার গ্রহণ করবেন। ফরমটি হজের ওয়েবসাইটে ফরমসমূহ লিংক হতে ডাউনলোড করা যাবে। যদি কেউ আলাদা ফ্লাইটে সফর করতে চাঁন, তাহলে অবশ্যই আলাদাভাবে নিবন্ধন করবেন। কেউ যদি তাঁর যাত্রা বাতিল করতে চান, তবে তাঁকে লিখিতভাবে আবেদন করতে হবে।

২.৬ হজযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ অফিসের মাধ্যমে সৌদি আরব গমনের ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে।

২.৭ **পাসপোর্ট** : হজযাত্রীদেরকে নিজ উদ্যোগে মেশিন রিডেবল আন্তর্জাতিক পাসপোর্ট (MRP) সংগ্রহ করতে হবে। যার মেয়াদ ২৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. পর্যন্ত থাকতে হবে। পাসপোর্টে অবশ্যই জাতীয় পরিচয়পত্র এবং প্রবাসী বা অনূর্ধ্ব ১৮ বছর বয়সীদের জন্য জন্মনিবন্ধন নম্বরটি উল্লেখ থাকতে হবে, যা প্রাক্-নিবন্ধনকালে জাতীয় পরিচয়পত্র / জন্মনিবন্ধন নম্বরটি হবে। সৌদি ভিসা লজমেন্টে জটিলতা দূরীকরণের জন্য পূর্ণাঙ্গ নামে পাসপোর্ট করা এবং পাসপোর্টের তথ্য পাতা স্ট্যাপলার পিন দিয়ে গাঁথা বা অন্য কোনভাবে ছিদ্র না করার পরামর্শ প্রদান করা হলো। হজযাত্রীদের নিবন্ধন করার পর সৌদি ভিসা প্রক্রিয়া সম্পাদনের জন্য ঢাকা হজ অফিসে পাসপোর্ট প্রদান করতে হবে এবং হজ ফ্লাইটের পূর্বে পাসপোর্ট ও টিকেট হস্তান্তর করা হবে। সময়মত ভিসা প্রাপ্তি নিশ্চিত করতে সংশ্লিষ্ট হজযাত্রীকে তাঁর ইউনিটের সকল পাসপোর্ট যথাসময়ে পরিচালক, হজ অফিস, ঢাকায় প্রদান করতে হবে।

২.৮ সরকারি ব্যবস্থাপনার সকল হজযাত্রী কেবল হযরত শাহজালাল (রহ:) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা দিয়ে সৌদি আরব গমনাগমন করবেন।

২.৯ **লাগেজ** : সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের লাগেজে নাম, আন্তর্জাতিক পাসপোর্ট নম্বর ও মোয়াল্লেম নম্বর ইংরেজিতে লেখা বাধ্যতামূলক। লাগেজের বিষয়ে সকল হজযাত্রীকে অবশ্যই বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ বাংলাদেশ ও সৌদি কর্তৃপক্ষের নিয়ম-কানুন মেনে চলতে হবে। এজন্য সকলকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বিভিন্ন নির্দেশ/পরামর্শ ভালো করে পড়া/পালনের অনুরোধ করা যাচ্ছে।

২.১০ সৌদি আরবে মক্কায় অবস্থিত কাউন্সেলর (হজ) এর সাথে পরামর্শক্রমে আশকোনাস্থ পরিচালক, হজ অফিস, ঢাকা হজযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবেন এবং বাংলাদেশ হজ অফিস, মক্কা হজযাত্রীদের মদিনার বাসা বরাদ্দ করবেন । হজযাত্রীদের জন্য বাড়ি/হোটেলে ২ (দুই) বেডের কোনো কক্ষ থাকবে না। সুতরাং স্বামী-স্ত্রী বা মা-বাবা কিংবা শারীরিক সমস্যাজনিত কারো জন্য পৃথক কক্ষ বরাদ্দ সম্ভব নয়।

৩. বেসরকারি ব্যবস্থাপনা:

৩.১ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ এজেন্সীর মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রী প্রতি ব্যয়:

ক্র: নং	ব্যয়ের খাতসমূহ	টাকা
১.	**বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight) :**	
	(ক) বিমান ভাড়া (নীট) ১৪৭৫ মার্কিন ডলার (১৪৭৫ x ৮০.৫০)	১,১৮,৭৩৭.৫০
	(খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স ৫০ সৌদি রিয়াল (৫০ x ২১.৫০)	১০৭৫.০০
	(গ) হজ টার্মিনাল সার্ভিস চার্জ ৩০ সৌ:রি: (৩০ x ২১.৫০)	৬৪৫.০০
	(ঘ) এম্বারকেশন ফি	৫০০.০০
	(ঙ) এম্বারকেশন ফি-এর উপর ১৫% ভ্যাট	৭৫.০০
	(চ) এক্সাইজ ডিউটি	১০০০.০০
	(ছ) সৌদি সরকারের সিকিউরিটি চার্জ ৪ মা: ড: (৪ x ৮০.৫০)	৩২২.০০
	(জ) ট্রাভেল এজেন্ট কমিশন ২৫ মা: ড: (২৫ x ৮০.৫০)	২০১২.৫০
	(ঝ) বিমান ভাড়া ১৪৭৫ মা: ড: এর উপর উৎসে কর (১৪৭৫ x ০.৩০%) বাবদ (৪.৪২৫ x ৮০.৫০)	৩৫৬.২১
	মোট =	**১,২৪,৭২৩.২১**
২.	**সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি {সৌদি কর্তৃপক্ষ প্রদত্ত বিভিন্ন সেবা এবং জেদ্দা,**	২৩,৪১৩.৫০

	মক্কা, মদিনা ও আল-মাশায়ের (মক্কা-মিনা-আরাফা-মিনা-মক্কা) যাতায়াতের বাস সেবা ইত্যাদি}: ১০৮৯ সৌ:রি: (১০৮৯ x ২১.৫০)।	
৩.	**সিটি-চেক-ইন চার্জ:** ৯০ সৌ:রি: (লাগেজ পরিবহন চার্জ)।	১,৯৩৫.০০
৪.	**জমজম পানি: ১৫ সৌ:রি: (১৫ x ২১.৫০)।**	৩২২.৫০
৫.	**১% হারে অতিরিক্ত বাড়ি ভাড়া: ৪১ সৌ: রি: (৪১ x ২১.৫০)।**	৮৮১.৫০
৬.	**ব্যাংক গ্যারান্টি সৌদি হজ মন্ত্রণালয়ের অনুকূলে ৫০ সৌ:রি: (৫০ x** ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)।	১০৭৫.০০
৭.	**ব্যাংক গ্যারান্টি সৌদি জেনারেল কার সিন্ডিকেট এর অনুকূলে ১৮ সৌ:রি: (১৮ x** ২১.৫০) (অফেরতযোগ্য, তবে রাজকীয় সৌদি সরকার হতে ফেরত পাওয়া গেলে তা হাজী কল্যাণ তহবিলে জমা হবে)।	৩৮৭.০০
৮.	**স্থানীয় সার্ভিস চার্জ:** আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি।	৮০০.০০
৯.	**হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) :**	২০০.০০
১০.	৫৬ সেঃমিঃ x ২৫সেঃ মিঃ x ৪৫ সেঃ মিঃ আয়তনের ও একই রঙ-এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয়।	২,৫০০.০০
১১.	**প্রশিক্ষণ ফি:**	৩০০.০০
	মোট	৩১,৮১৪.৫০
	সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =	**১,৫৬,৫৩৭.৭১**

এছাড়াও সরকার অনুমোদিত প্রত্যেকটি হজ এজেন্সী বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য নিজ নিজ প্যাকেজ অনুযায়ী মক্কা ও মদিনার বাড়ি/হোটেল ভাড়া, খাওয়া খরচ, মোয়াল্লেমকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস ইত্যাদি বাবদ ব্যয় চূড়ান্তকরত: সর্বোচ্চ ২ (দুই)টি হজ প্যাকেজ ঘোষণা করবে এবং প্যাকেজ অনুযায়ী বাড়ি/হোটেল ভাড়াকরণ, ক্যাটারিং কোম্পানীর সাথে চুক্তি সম্পাদন ও হজযাত্রীদের সৌদি আরব গমনাগমন নিশ্চিত করবেন। রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবে প্রত্যেকটি হজ এজেন্সীর নিজ নিজ নামে ব্যাংক হিসাব সচল রাখতে হবে এবং ইহার মাধ্যমে আবাসন ও খাবারের অর্থ পরিশোধ করতে হবে। যে সকল হজ এজেন্সী SAMA (Saudi Arabian Monitoring Agency) **এর নির্দেশনা অনুযায়ী সৌদি আরবে ব্যাংক হিসাব সচল রাখবে না এবং ব্যাংকের মাধ্যমে বাড়ি/হোটেল ভাড়া ও খাবারের অর্থ পরিশোধ করবে না, সে সকল হজ এজেন্সী হজযাত্রী প্রেরণে রাজকীয় সৌদি সরকারের অনুমোদন পাবে না এবং এ সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পাদন করতে হবে। ১৩ জিলহজ তারিখ পর্যন্ত বাংলাদেশী হজযাত্রীদের ৫০% মীনায় অবস্থান নিশ্চিত করতে হবে। বেসরকারি হজ এজেন্সীসমূহ সরকার ঘোষিত প্যাকেজ নং-২ এর নিম্নে কোন প্যাকেজ ঘোষণা করতে পারবে না। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সংশ্লিষ্ট হজ এজেন্সী অবশ্যই সরকারি হজযাত্রীদের জন্য ন্যূনতম নির্ধারিত অতিরিক্ত সেবা ক্রয়ের চুক্তি সৌদি মোয়াল্লেমের সাথে করতে হবে।**

নোট: (১) **প্রতি মা: ড: ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌ: রি: ২১.৫০ (একুশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে ধরা হয়েছে;**
(২) **বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমসাময়িক বাজার দর অনুযায়ী হবে।**

৩.২ **জাতীয় হজ ও ওমরাহ নীতি অনুযায়ী প্রাক্-নিবন্ধন ক্রমিক নম্বরপ্রাপ্ত হজযাত্রীগণের মধ্যে যারা বেসরকারি ব্যবস্থাপনায় গমন করবেন তাঁরা প্রাক্-নিবন্ধনের জন্য প্রদত্ত জামানত ২৮,৭৫২.০০ (আঠাশ হাজার সাতশত বায়ান্ন) টাকা (সমন্বয়যোগ্য) এবং প্রাক্-নিবন্ধন ফি ২,০০০ (দুই হাজার) টাকা (সমন্বয়যোগ্য নয়) অর্থাৎ মোট ৩০,৭৫২.০০ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা সরকার কর্তৃক নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করবেন। বেসরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে এজেন্সীর সাথে চুক্তি অনুযায়ী অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট হজ এজেন্সীর নির্ধারিত ব্যাংকে আগামী ৩০/০৩/২০১৭ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট হজ এজেন্সী/হজ এজেন্সীর মনোনীত ব্যাংক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধন সিস্টেমে উক্ত অর্থ প্রাপ্তি তাৎক্ষণিকভাবে নিশ্চিত করবে। পরবর্তীতে অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে আই.টি কর্তৃক হজযাত্রীকে হজ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমে** (HMIS) **তাঁর প্রিলগ্রিম আইডি** (PID) **প্রদানপূর্বক হজ নিবন্ধন কার্যক্রম সম্পাদিত হবে। যে সকল প্রাক নিবন্ধিত হজযাত্রীদের অর্থ প্রাপ্তি হজ এজেন্সী/হজ এজেন্সীর মনোনীত ব্যাংক নিশ্চিত করবে না, তারা হজে গমনে অনিচ্ছুক বলে গণ্য হবেন। তবে এক্ষেত্রে তাদের অগ্রিম জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রসেসিং ফি বাবদ কর্তন করে অবশিষ্ট ২৫,৭৫২.০০ (পঁচিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা ফেরত নিতে পারবেন।**

৩.৩ সরকারি ব্যবস্থাপনার প্রত্যেক হজযাত্রীর ট্রলিব্যাগ সরকার এবং বেসরকারি ব্যবস্থানার প্রত্যেক হজযাত্রীর ট্রলিব্যাগ (৫৬সে: মি: x ২৫ সে: মি: x ৪৫ সে: মি:) হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) ক্রয় ও সরবরাহ নিশ্চিত করবে। কেবিন ব্যাগের সাইজ হাতল ও চাকাসহ সর্বোচ্চ ২২ সে: মি: x ১০ সে: মি: x ১৮ সে: মি: হবে; যার ওজন মালামালসহ কোনক্রমেই ৭ (সাত) কিলোগ্রামের বেশী হবে না।

৩.৪ এছাড়াও (ক) মিনা-আরাফায় মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ; (খ) মক্কা-মদিনায় বাড়ি/হোটেল ভাড়া ব্যয়; (গ) কুরবানী

নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে কুপন প্রত্যেক হজযাত্রীকে দিতে হবে। হজ অফিস, হজ এজেন্সী ও ট্রাভেল এজেন্সীর হজযাত্রীদের জন্য নির্দিষ্ট কুরবানীর প্রজেক্টের কুপন বিক্রির বিষয়ে ইসলামিক উন্নয়ন ব্যাংকের (IDB) সাথে রাজকীয় সৌদি সরকারের মাধ্যমে চুক্তি স্বাক্ষর করা হলে সকল হজযাত্রীকে এ প্রজেক্টের অধীনে কুপন ক্রয়ের মাধ্যমে কুরবানীর আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে। ইসলামী উন্নয়ন ব্যাংকের সাথে সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করে উভয়ের সম্মতিতে নির্দিষ্ট পরিমাণ কুপন ক্রয়ের চুক্তি স্বাক্ষরিত হবে ও (ঘ) হজগাইড বাবদ খরচ প্রত্যেক হজ এজেন্সী নিজ নিজ হজ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে।

৩.৫ হজ এজেন্সীসমূহকে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণকে ঢাকা/চট্টগ্রাম/সিলেট-জেদ্দা/মদিনা-ঢাকা/চট্টগ্রাম/সিলেট পথে সরাসরি (Dedicated Hajj Flight) ফ্লাইটযোগে সৌদি আরব যাতায়াত নিশ্চিত করতে হবে।

৩.৬ হজ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ এজেন্সীকে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করতে হবে। সরকার ও হজ এজেন্সীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ এজেন্সী হজ প্যাকেজ ঘোষণা করত: হজযাত্রী সংগ্রহ করতে পারবে না।

৩.৭ প্রত্যেক হজ এজেন্সীকে হজযাত্রীর সাথে সরকার নির্ধারিত ফরমে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করতে হবে। হজ এজেন্সী ও হজযাত্রীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সী হজ বাবদ অর্থ সংগ্রহ করতে পারবে না ও ভিসা প্রক্রিয়াকরণ হবে না। চুক্তির মূল কপি হজযাত্রীর নিকট, একটি অনুলিপি ঢাকাস্থ হজ অফিসে এবং অন্যটি হজ এজেন্সীর নিকট সংরক্ষিত থাকবে। বেসরকারি এজেন্সী কর্তৃক ঘোষিত প্যাকেজ এবং হজযাত্রীদের সাথে তাদের সম্পাদিত চুক্তির অনুলিপি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়েও প্রেরণ করবে।

৩.৮ প্রাক্-নিবন্ধন ক্রমিক নম্বরপ্রাপ্ত হজযাত্রীগণের মধ্যে যারা **বেসরকারি ব্যবস্থাপনায় গমন করবেন তাঁরা বেসরকারি প্যাকেজের ক্ষেত্রে** প্রাক্-নিবন্ধনের জন্য প্রদত্ত জামানত **২৮,৭৫২.০০ (আঠাশ হাজার সাতশত বায়ান্ন) টাকা** (সমন্বয়যোগ্য) এবং প্রাক্-নিবন্ধন ফি **২,০০০ (দুই হাজার)** টাকা (সমন্বয়যোগ্য নয়) **সরকার নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করবেন।** প্যাকেজের অবশিষ্ট অর্থ হজ এজেন্সীর নিজ নিজ ব্যাংক হিসাবে জমা হয়েছে মর্মে সংশ্লিষ্ট ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও হাব কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যাংক স্টেটমেন্ট (জমা বিবরণী) পরিচালক, হজ অফিস, ঢাকায় জমাদান নিশ্চিত করতে হবে এবং ইহার অনুলিপি অবশ্যই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যদি কোন হজযাত্রী হজে যেতে আগ্রহী না হন, তাহলে অগ্রিম নিবন্ধিত জামানত ফেরত নিতে পারবেন, **তবে এক্ষেত্রে তাদের জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রসেসিং ফি বাবদ কর্তন করে অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হবে।** নিবন্ধন কার্যক্রমে নির্বাচিত ব্যাংকসমূহ সরকার নির্ধারিত অর্থ প্রাপ্তি নিশ্চিত করে হজযাত্রীর নিবন্ধন সম্পন্ন করবে। ব্যাংকসমূহ নিবন্ধনের অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরিশোধ করবে এবং হজ এজেন্সী/ হজযাত্রীকে হজ বাবদ কোন প্রকার ঋণ প্রদান করবে না।

৩.৯ প্রত্যেক হজ এজেন্সী নিজ নিজ এজেন্সীর মাধ্যমে নিবন্ধিত হজযাত্রীদের সমন্বিত একটি তালিকা বিশেষ বাহক মারফত হজ অফিস, বিমান বন্দর, ঢাকা ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে এবং একটি তালিকা স্বাস্থ্য পরীক্ষার জন্য সংশ্লিষ্ট মহানগর/ জেলা/উপজেলা মেডিকেল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবে।

৩.১০ বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মক্কা ও মদিনায় অবশ্যই বাড়ি/হোটেল ভাড়া এবং হজযাত্রীর সংখ্যা অনুযায়ী ক্যাটারিং কোম্পানীর সাথে খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদনের কার্যক্রম সমাপ্ত করে মক্কাস্থ হজ মন্ত্রণালয় থেকে নিজ নিজ এজেন্সীর অনুকূলে নির্দিষ্ট বারকোড/স্টীকার সংগ্রহ করতে হবে। হজযাত্রীদেরকে মক্কা/মদিনায় তাসনিফ/তাসরিয়াযুক্ত এক/একাধিক বাড়ি/হোটেলে রাখা যাবে। সৌদি বিধি মোতাবেক হারাম শরীফ থেকে ২ (দুই) কিলোমিটার বা এর অধিক দূরত্বে বাড়ি/হোটেল অবস্থানের ব্যবস্থা করলে অবশ্যই যাতায়াতের জন্য গাড়ির ব্যবস্থা করতে হবে।

৩.১১ প্রত্যেক হজ এজেন্সীকে অবশ্যই সৌদি আরবের বিধি-বিধান মেনে বাড়ি/হোটেল ভাড়া করতে হবে এবং বাড়ি ভাড়ার অর্থ হজ এজেন্সীর সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক IBAN এর মাধ্যমে পরিশোধ করতে হবে। কোনক্রমেই তাসনিফ/তাসরিয়া ব্যতিত বাড়ি/হোটেলের সাথে চুক্তি করা যাবে না এবং চুক্তিবিহীন বাড়ি/হোটেলে হজযাত্রীদের আবাসন ব্যবস্থা করা যাবে না এবং বাড়ি/হোটেল ভাড়ার অর্থ নগদ পরিশোধ করা যাবে না। মক্কা ও মদিনার বাড়ি ভাড়া রমজান মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে সম্পন্ন করে তাসনিফ/তাসরিয়া অনুমোদনের জন্য বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরবে Online আবেদন করতে হবে। মক্কায় হজযাত্রীদের জন্য ভাড়াকৃত নির্ধারিত বাড়িতেই অবস্থান নিশ্চিত করতে হবে। কোনক্রমেই আবাসনের জন্য তাসনিফ/তাসরিয়াসহ ভাড়াকৃত বাড়ি/হোটেল ছাড়া অন্যত্র হজযাত্রীদের রাখা যাবে না। ইহার ব্যত্যয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকারের নিকট চরম অপরাধ হিসেবে বিবেচিত হবে।

৩.১২ রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক প্রত্যেকটি হজ এজেন্সীকে সংশ্লিষ্ট হজ এজেন্সীর মাধ্যমে নিবন্ধিত হজযাত্রীদের জন্য সৌদি আরবে অবস্থানকালে দৈনিক ৩ (তিন) বেলা খাবার সরবরাহের জন্য সৌদি সরকার কর্তৃক অনুমোদিত ক্যাটারিং কোম্পানীর সাথে বাধ্যতামূলক চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য যে, হজযাত্রীদের আবাসন ও খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদন এবং সম্পাদিত চুক্তি মোতাবেক মূল্য ব্যাংকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরিশোধ করা না হলে হজ এজেন্সীর হজযাত্রীদের অনুকূলে সৌদি কর্তৃপক্ষ বারকোড/স্টিকার ইস্যূ করবে না।

৩.১৩ হজ এজেন্সীসমূহ পরিচালক, হজ অফিস, ঢাকা এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ ও সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স লিঃ এর সাথে আলোচনার মাধ্যমে আরবী শাওয়াল মাসের মধ্যে তাদের নিজ নিজ হজযাত্রী প্রেরণের তারিখ/**হজ ফ্লাইট সিডিউল চূড়ান্ত** করবে।

৩.১৪ প্রত্যেক হজ এজেন্সী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এবং সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স এর সাথে যোগাযোগ করে হজযাত্রীদের জন্য সৌদি আরব গমনাগমনের টিকিট সংগ্রহ করবেন এবং পরিবহনকৃত হজযাত্রীদের সংখ্যা ও প্রদত্ত টিকেট অনুযায়ী বিমান ভাড়ার অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজযাত্রী পরিবহনে নিযুক্ত সংশ্লিষ্ট এয়ারলাইন্সসমূহকে সরাসরি পরিশোধ করবে।

৩.১৫ প্রতি হজযাত্রীর জন্য নিবন্ধনের সময় আদায়কৃত বিমান ভাড়া ব্যাংকের মাধ্যমে বাংলাদেশ বিমান কর্তৃপক্ষকে প্রদানের ভিত্তিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, রাজকীয় সৌদি সরকারের সঙ্গে বাংলাদেশ সরকারের সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তির শর্ত মোতাবেক গ্রুপ ও এজেন্সীভিত্তিক ফ্লাইট সিডিউল নির্ধারণপূর্বক টিকেট বরাদ্দ করবে। টিকেট বরাদ্দের পূর্বে ফ্লাইট সিডিউল নির্ধারণ করার নিমিত্ত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হাব, আটাব ও সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে সভা করবে।

৩.১৬ হজযাত্রীগণ মেশিন রিডেবল আন্তর্জাতিক পাসপোর্ট (MRP) সংগ্রহ করে অনুমোদিত হজ এজেন্সীর সহযোগিতায় সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজে গমন করবেন।

৩.১৭ বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীর ট্রলিব্যাগে নিজের নাম, পাসপোর্ট নম্বর, মোয়াল্লেম নম্বর, হজ এজেন্সীর নাম এবং সৌদি আরবে সংশ্লিষ্ট হজ এজেন্সীর প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা ইংরেজীতে লেখা বাধ্যতামূলক।

৩.১৮ প্রাক্-নিবন্ধন ফি ও হজ প্যাকেজের অর্থ হজযাত্রীগণ হজ এজেন্সীর নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিবেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে এজেন্সীসমূহ শুধুমাত্র এজেন্সীর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রশিদমূলে হজযাত্রীদের নিকট থেকে অর্থ গ্রহণ করতে পারবে। কোন হজ এজেন্সী দালাল বা তথাকথিত কাফেলার লিডার/গ্রুপ লিডারের মাধ্যমে হজযাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারবে না। হজে গমনেচ্ছু প্রার্থীর তালিকা প্রকাশের পূর্বে হজে গমনেচ্ছুদের নিকট থেকে প্রাক্-নিবন্ধনের ফি ও জামানতের অর্থ ছাড়া অন্য কোন অর্থ গ্রহণ করা যাবে না। শুধুমাত্র নিবন্ধন তালিকায় প্রকাশিত হজযাত্রীদের নিকট হতে হজ প্যাকেজের অবশিষ্ট অর্থ গ্রহণ করা যাবে।

৩.১৯ প্রত্যেক এজেন্সী হজ প্যাকেজ, হজযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর, ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, বারকোড/স্টিকার নম্বর ইত্যাদি তথ্য; হজযাত্রীদের ফ্লাইট সিডিউল, হজ এজেন্সী ও হজযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, সরকার ও এজেন্সীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র; মক্কা ও মদিনায় হজযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির মালিকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, বাড়ির রোড/এলাকার নাম; নিয়োজিত প্রতিনিধি ও হজকর্মীর সৌদি আরবে এবং বাংলাদেশের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফট্কপি পরিচালক, হজ অফিস, ঢাকায় সরবরাহ করবে।

৩.২০ হজযাত্রীর মোবাইল/ফোন নম্বর না থাকলে সেক্ষেত্রে যোগাযোগ করার জন্য দুইজন নিকট আত্মীয়ের মোবাইল নম্বর আবেদনপত্রে এবং হজ এজেন্সী ও হজযাত্রীর সাথে সম্পাদিত চুক্তিপত্রে উল্লেখ করতে হবে।

৩.২১ প্রত্যেক হজ এজেন্সী ৪৫ জন হজযাত্রীর জন্য একজন দক্ষ হজগাইড নিয়োগ করবে।

৩.২২ প্রত্যেক হজ এজেন্সী সর্বনিম্ন ১৫০(একশত পঞ্চাশ) জন এবং সর্বোর্চ্চ ৩০০ (তিনশত) জন হজযাত্রী হজে প্রেরণ করতে পারবে। তবে সর্বনিম্ন সংখ্যা রাজকীয় সৌদি সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী পরিবর্তন হতে পারে।

৩.২৩ কোন এজেন্সী কোটার কম হজযাত্রী পেলে বা লাইসেন্স চালাতে অপারগ হলে বা লাইসেন্স বাতিল হলে, সরকার কর্তৃক অনুমোদন সাপেক্ষে ঐ হজযাত্রীদের অন্য লাইসেন্সে নির্ধারিত সময়ের মধ্যে স্থানান্তর করতে হবে।

৩.২৪ রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক মক্কাস্থ হাব প্রতিনিধির সাথে পরামর্শক্রমে কাউন্সেলর (হজ), মক্কা কর্তৃক মক্কা আল-মোকাররমা এবং মদিনা আল-মুনাওয়ারায় মোট হজযাত্রীর ১% হারে অতিরিক্ত সীট ভাড়া নিশ্চিত করা হবে।

৩.২৫ ফ্লাইটের সময়সূচীর ব্যাপারে স্থানীয় সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তন ছাড়া মিশন বা এজেন্সী কিংবা এয়ারলাইন্স কর্তৃক কোন পরিবর্তন হজ মন্ত্রণালয়ের নিকট গ্রহণযোগ্য হবে না।

৩.২৬ মদিনাস্থ বাড়ি/হোটেল ভাড়ার চুক্তিতে এয়ারলাইন্সের নাম, ফ্লাইট নম্বর ও সৌদি আরবের বিমান বন্দরের নাম এন্ট্রি করতে হবে। এর ব্যত্যয় হলে উক্ত এজেন্সীর বিপরীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.২৭ জেদ্দাস্থ বিমান বন্দর অথবা বাংলাদেশ থেকে সরাসরি মদিনা-আল-মুনাওয়ারায় গমনকালে হজযাত্রীদের সাথে অথবা হজ এজেন্সীর বৈধ প্রতিনিধির নিকট মদিনার আবাসনের চুক্তির কপি থাকতে হবে।

৩.২৮ মক্কা-আল-মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা-আল-মুনাওয়ারায় গমনের জন্য সকল হজযাত্রীর মদিনায় আবাসন চুক্তির বিবরণী Online-এ থাকতে হবে। উক্ত বিবরণী Online-এ না পাওয়া গেলে কোন হজযাত্রীকে মক্কা -আল-মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা-আল-মুনাওয়ারায় প্রেরণ করা সম্ভব হবে না।

৩.২৯ প্রত্যেক পাসপোর্টের সাথে ইউনাইটেড এজেন্টস অফিস কর্তৃক প্রদত্ত নমুনা কার্ড ও বাস এর টিকেট অবশ্যই সংযুক্ত থাকতে হবে। হজ অফিস, ঢাকা বিষয়টি নিশ্চিত করবে।

৩.৩০ একই হজ ফ্লাইটে ০২/০৩ টির অধিক হজ এজেন্সীর হজযাত্রী পরিবহন করতে পারবে না এবং তাঁদের মধ্যে প্রত্যেক ৪৫ জনে ০১ জন করে দক্ষ গাইড হিসেবে নির্দিষ্ট থাকতে হবে। যা হজ ফ্লাইট শুরুর অন্তত ০১(এক) মাস পূর্বে সম্পন্ন করত: ঢাকা হজ অফিসে প্রেরণ করতে হবে।

৩.৩১ হজ এজেন্ট কর্তৃক হজযাত্রীদের প্রদেয় সকল সার্ভিসের বিস্তারিত বিবরণ সম্পাদিত চুক্তিতে উল্লেখ থাকতে হবে। উক্ত চুক্তির আরবি ভাষায় অনুবাদকৃত কপি স্থানীয় মোয়াচ্ছাসা অফিসে জমা দিতে হবে।

৩.৩২ হজের পূর্বে ২৫ জিলক্বদ ১৪৩৮ হিজরির পরে কোন হজযাত্রী মক্কা-আল-মোকাররমা কিংবা জেদ্দা থেকে সড়ক পথে মদিনা-আল - মুনাওয়ারায় গমন করতে পারবেন না।

৩.৩৩ হজের পূর্বে ০৫ জিলহজের পরে কোন হজযাত্রী মদিনা-আল-মুনাওয়ারায় অবস্থান করতে পারবেন না।

৩.৩৪ হজের পূর্বে ০৫ জিলহজের পরে মদিনা-আল-মুনাওয়ারায় অবস্থানের লক্ষে বাড়ি/হোটেল ভাড়ার কোন চুক্তি স্বাক্ষর করা যাবে না।

৩.৩৫ হজের পরে মক্কা থেকে ১৪ জিলহজের পূর্বে কোন হজযাত্রী মক্কা-আল-মোকাররমা থেকে মদিনা-আল-মুনাওয়ারায় গমন করতে পারবেন না।

৩.৩৬ আকাশ পথে জেদ্দা থেকে মদিনা যাওয়ার সর্বশেষ তারিখ ০২ জিলহজ তবে সেক্ষেত্রে ০৫ জিলহজের পূর্বে মদিনা-জেদ্দার রিটার্ণ টিকেটে বুকিং কনফার্ম থাকতে হবে।

৩.৩৭ সৌদি সরকার কর্তৃক হজ এজেন্সীর মোনাজ্জেমকে প্রদত্ত মাল্টিপল ভিসায় (Multiple VISA) সৌদি আরবে অবস্থানের মেয়াদ কোনক্রমেই বর্ধিত করা যাবে না।

৩.৩৮ বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে সৌদি আরবের মক্কা ও মদিনায় বাংলাদেশ সরকার ও হাব কর্তৃক নির্ধারিত এলাকাসমূহে গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ি ভাড়া নিশ্চিত করতে হবে এবং এ বছর মিসফালাহ, জিয়াদ, শিয়াবে আমের, গাজ্জা, জারোয়াল, সৌকিয়া ও আজিজিয়া এলাকায় গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ি ভাড়া নিশ্চিত করতে হবে।

৩.৩৯ সুষ্ঠু হজ ব্যবস্থাপনার লক্ষ্যে রাজকীয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকার কর্তৃক আরোপিত শর্ত/নির্দেশনাসমূহ প্রত্যেকটি হজ এজেন্সী অনুসরণ করতে বাধ্য থাকবে।

৩.৪০ কোনক্রমেই একটি ফ্লাইটে ৩ (তিন) জন মোয়াল্লেমের আওতা বহির্ভূত হজযাত্রী প্রেরণ করা যাবে না।

৩.৪১ ই-হজ ম্যানেজমেন্ট চালু হওয়ায় বাড়ি ভাড়া, পরিবহন, ক্যাটারিং সার্ভিসকে প্রদত্ত অর্থসহ সকল অর্থ ই-পেমেন্টের (স্ব স্ব এজেন্সীর নামে খোলা IBAN নম্বর) মাধ্যমে সৌদি আরবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪ **সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের জন্য প্রযোজ্য তথ্যাদি ও করণীয়:**

৪.১ প্রবাসী/১৮ বছরের নিম্নবয়সীদের জন্মনিবন্ধন সনদ ও ১৮ বছর বা তদূর্ধ্ব বয়স্ক হজে গমনেচ্ছুদের জাতীয় পরিচয়পত্রের (NID) তথ্য সংবলিত আন্তর্জাতিক পাসপোর্ট থাকতে হবে। সৌদি ভিসা লজমেন্টে জটিলতা দূর করার জন্য পূর্ণাঙ্গ নামে পাসপোর্ট করা এবং পাসপোর্টের তথ্য পাতা স্ট্যাপলার পিন দিয়ে গাঁথা বা অন্য কোনভাবে ছিদ্র না করার পরামর্শ প্রদান করা হল। সৌদি কর্তৃপক্ষের প্রয়োজনে ১০ (দশ) আঙ্গুলের ছাপ সংগ্রহের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জেলাভিত্তিক নির্ধারিত সময়ে ঐ জেলার হজযাত্রীদের ১০ (দশ) আঙ্গুলের ছাপ প্রদান করতে হবে।

৪.২ মাহারাম ব্যতীত মহিলা হজযাত্রী এককভাবে কোনক্রমেই হজে গমনের যোগ্য বিবেচিত হবেন না। মহিলা হজযাত্রীগণকে মাহরামের সাথে একত্রে নিবন্ধন করতে হবে।

৪.৩ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এবং সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্সের মাধ্যমে হজযাত্রী পরিবহনের দায়িত্ব পালন করবে।

৪.৪ জাতীয় হজ ও ওমরাহ নীতির বিধান অনুসারে শুধুমাত্র নিবন্ধিত হজযাত্রীর মৃত্যু/গুরুতর শারীরিক অসুস্থতার কারণে জমাকৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরৎ দেয়া হবে। সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজযাত্রী কর্তৃক জমাকৃত **সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি** সৌদি আরবে প্রেরণের পরে কোন অবস্থাতেই ফেরতযোগ্য হবে না। শুধুমাত্র সৌদি কর্তৃপক্ষ ফেরত দিলেই তা ফেরতযোগ্য হবে।

৪.৫ **বাংলাদেশী টাকার সাথে মার্কিন ডলার ও সৌদি রিয়াল এর বিনিময় হার এবং আন্তর্জাতিক বাজারে জ্বালানী মূল্য বৃদ্ধি পেলে প্রয়োজনীয় ক্ষেত্রে বর্ধিত টাকা ও বিমান ভাড়া হজযাত্রীকেই পরিশোধ করতে হবে।**

৪.৬ হজের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজযাত্রী ১০০০ (এক হাজার) মার্কিন ডলারের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

৪.৭ হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা সরকারি হাসপাতালে অনুষ্ঠিত হবে। প্রত্যেক হজযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক।

৪.৮ হজে গমনেচ্ছু প্রত্যেক নিবন্ধিত হজযাত্রীকে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, ৭০ (সত্তর) বছর বা ততোধিক বয়স্ক হজযাত্রীদের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত বোর্ডের নিকট হতে বিশেষ স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক। রাজকীয় সৌদি সরকারের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হজযাত্রীদের স্বাস্থ্য সংক্রান্ত মেডিক্যাল ফাইল ইলেক্ট্রোনিক পদ্ধতিতে তৈরী এবং Online-এ হালনাগাদ করবে।

৪.৯ হজ ব্যবস্থাপনার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত দল ব্যতীত হজযাত্রীর সৌদি আরব অবস্থানকাল সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সীমিত রাখতে হবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড হজ ব্যবস্থাপনার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত দল ব্যতীত হজযাত্রীর ফিরতি ফ্লাইটের বোর্ডিং পাস বাংলাদেশেই প্রদান করবে এবং সম্মানিত হজযাত্রী বোর্ডিং পাস হারিয়ে ফেললে বাংলাদেশ হজ অফিস, মক্কা/মদিনা/জেদ্দার প্রত্যয়ন সাপেক্ষে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড ফিরতি ফ্লাইটের ডুপ্লিকেট বোর্ডিং পাস ইস্যু করবে।

৪.১০ **সরকারি এবং বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজযাত্রীগণ পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যাত্রার ন্যূনতম ৩ (তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজক্যাম্পে আগমন করবেন।** হজক্যাম্পে অবস্থানকালে হজের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরি বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা ও অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে হজযাত্রীদেরকে ৩ (তিন) দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে।

৪.১১ এয়ারলাইন্স কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বিমানে ভ্রমণকালে কোন হজযাত্রী সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত ওজনের অধিক **লাগেজ/মালামাল বহন করতে পারবেন না। রেজিষ্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ব্যতীত কোন ঔষধ সঙ্গে নিতে পারবেন না। চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমন: রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমুল, পান, সুপারি ইত্যাদি কোনক্রমেই সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না।**

৪.১২ সৌদি সরকার কর্তৃক স্বীকৃত খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠান ছাড়া কোন প্রতিষ্ঠান থেকে হজযাত্রীদের জন্য খাদ্য সরবরাহ করা যাবে

না। নির্দিষ্ট মোয়াচ্ছাসার মাধ্যমেই কোন স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে।

৪.১৩ ডায়াবেটিস, হৃদরোগসহ কোন ক্রনিক ডিজিজের রোগীরা প্রেসক্রিপশনসহ অবশ্যই ৫০ (পঞ্চাশ) দিনের ঔষধ সঙ্গে নিয়ে যাবেন।

৪.১৪ কুরবানীর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম।

৪.১৫ প্রত্যেক হজযাত্রীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সংবলিত আইডি কার্ড এবং কব্জিবেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিকেল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক।

৪.১৬ সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই হজযাত্রী প্রতি সৌ:রি: ৫০ (পঞ্চাশ) হারে সৌদি হজ মন্ত্রণালয় এবং জেনারেল কার সিন্ডিকেটের অনুকূলে সৌ:রি: ১৮ (আঠার) হারে ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হয় বিধায় বাড়ি ভাড়ার চুক্তি শুরুর পূর্বেই কাউন্সেলর (হজ) মক্কা কর্তৃক ইহা নিশ্চিত করা হবে।

৪.১৭ আল-মাশায়ের আল-মোকাদ্দাসার (মিনা-আরাফা- মুজদালিফা) বাস ভাড়ার কুপনের অর্থ ফেরৎযোগ্য নয়।

৪.১৮ হজ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, নিবন্ধন, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে। এ বিষয়ে ওয়েবসাইট www.hajj.gov.bd হতে হজ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৪.১৯ সৌদি আরবে অবস্থানকালে বাসস্থানের বাইরে গেলে হজযাত্রীকে পরিচয়পত্র, মোয়াল্লেম কার্ড ও হোটেলের কার্ড অবশ্যই সঙ্গে রাখতে হবে এবং মহিলা হজযাত্রীদের স্কার্ফের মধ্যভাগে বাংলাদেশের জাতীয় পতাকার ছাপ অবশ্যই থাকতে হবে।

৪.২০ হজযাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশন, পুলিশ ভেরিফিকেশন, ভিসা প্রদানসহ আধুনিক হজ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় সফটওয়্যার ও সিস্টেম প্রণয়ন করত: বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নিশ্চিত করবে।

৪.২১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের মধ্যে অনুষ্ঠেয় হজ চুক্তিতে বর্ণিত/উল্লিখিত নির্দেশনা/শর্তসমূহ বেসরকারি ব্যবস্থাপনায় নিয়োজিত সকল হজ এজেন্সী ও হজযাত্রী অনুসরণে বাধ্য থাকবে।

৪.২২ হজযাত্রীদের মালামাল যাতে না হারায় এবং Mishandle হলে খুঁজে বের করে নিরাপত্তা বিধান করা যায় সে বিষয়ে এয়ারলাইন্সসমূহ ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া Luggage Tracking System (LTS) চালু করতে হবে যাতে দ্রুততার সাথে যে কোন সময়ে Luggage সংক্রান্ত তথ্য হজযাত্রীদের প্রদান করা যায়। লাগেজের বিষয়ে সকল হজযাত্রীকে অবশ্যই বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ বাংলাদেশ ও সৌদি কর্তৃপক্ষের নিয়ম-কানুন মেনে চলতে হবে। এজন্য সকল হজযাত্রীকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক বিভিন্ন নির্দেশ/পরামর্শ ভাল করে পড়া/পালনের অনুরোধ করা যাচ্ছে।

৪.২৩ অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা এর ফোন: ৪৮৯৫৮৪৬২, ৭৯১২৩৯১, ৭৯১১৭১৩ অথবা হজ তথ্যসেবা কেন্দ্রের ফোন: +৮৮০৯৬০২৬৬৬৭০৭ অথবা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের ফোন: ৯৫৮৫২০০, ৯৫৭৬৩৪৯ যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং জেলায় অবস্থিত উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশনের কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

মো: আব্দুল জলিল
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০১.১৬-৩৫০ তারিখঃ ২৭.০২.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ...।
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।
১২. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,...ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
১৪. যুগ্ম-সচিব (সকল) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
১৭. পরিচালক,রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৮. জেলা প্রশাসক (সকল)...।
১৯. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
২০. পুলিশ সুপার, (সকল)...।
২১. সিভিল সার্জন (সকল)...।
২২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...।
২৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)...।
২৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৬. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)...।
২৭. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৮. কান্ট্রি ম্যানেজার, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা।
২৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সীকে অবহিতকরণের অনুরোধসহ)।
৩০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (সংযুক্ত হজ প্যাকেজটি হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
৩১. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক...পত্রিকা (সংযুক্ত হজ প্যাকেজটি তাঁর পত্রিকার নির্দিষ্ট কলামে ১(এক)দিনের জন্য -------------------------- পাতায় প্রকাশের অনুরোধ করা হলো)।
৩২. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, ---।
৩৩. জনাব ---।

২৭/০২/২০১৭

(মো. আবুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (হজ-১)
ফোন : ৯৫৮৪৩২২।

E:\Rajib2017\Hajj Package-2017 29.01.2017\Yaqub\Cabinet-package2017\Hajj package-2017 final BG press.2 final.doc BG press.2. final

G:\Hajj 2017\package-2017\Hajj package-2017 (final).doc BG press.2. final